

অনন্তকে অভিনন্দন

জাহিদ রাসেল

প্রায় দু বছর আগে হঠাৎ একদিন আমার ছোট বোন আমাকে জানালো বিকেলে আমাকে খুঁজতে বাসায় একটি ছেলে এসেছিল। ছেলেটি বলে গেছে দু- একদিনের মধ্যে আবার আসবে। ছেলেটির নাম শুনে আমি ঠিক চিনতে পারলাম না। এর দুদিন পর আমার সৌভাগ্য হয় ছেলেটির সাথে দেখা করবার। ছোট খাটো গড়নের ছেলেটির কাছ থেকে জানলাম মুক্ত-মনা ফোরামে অভিজিৎ রায়কে লিখা আমার একটি চিঠিতে সে আমার ঠিকানা পেয়েছে। তারপর ছেলেটির সাথে বিভিন্ন সময় আমার আলাপ হয়। আলাপ হয় কখনো আমাদের বাসায়, কখনো ওদের বাসায় আবার কোন সন্ধ্যায় শাহজালাল ইউনিভার্সিটির শহীদ মিনারের বেদিতে। আলাপ হতো ধর্ম-ধর্মীয় মৌলবাদ নিয়ে, কুসংস্কার নিয়ে আবার কখনো বা প্রবীর ঘোষের “সারির” আদলে কোন সংগঠন গড়বার অগোছালো স্বপ্ন নিয়ে। আর সেই সাথে চলতো আরজ আলী মাতুব্বর, আহমেদ শরীফ, ভবানী প্রসাদ সাহু কিংবা প্রবীর ঘোষের বই বিনিময়। ছেলেটি সাথে আমি যতোই ঘনিষ্ঠ হতে থাকি, পরিচিত হতে থাকি তার ভাবনা গুলোর সাথে- ততোই বাড়তে থাকে তার প্রতি শ্রদ্ধা। আমাদের পরিচয়ের কিছুদিন পর আমি বিদেশে চলে আসি। কিন্তু ছেলেটি থেমে থাকে নি। ওর বয়সী ছেলেরা যখন ক্যারিয়ার-রাজনীতি-ক্রিকেট বা প্রেম নিয়ে ব্যস্ত তখন ছেলেটি পারিবারিক, সামাজিক, ধর্মীয় সকল বাঁধাকে পাশ কাটিয়ে যুদ্ধ শুরু করেছে কুসংস্কারের বিরুদ্ধে। সিলেটে সমমনাদের নিয়ে গড়ে তুলেছে Science & Rationalist Society। মৌলবাদীদের রক্তচক্ষু উপেক্ষা করে মুক্ত-মনার ব্যনার টানিয়েছে সিলেটের কলেজ-ইউনিভার্সিটিতে। লেখক হিসাবেও যথেষ্ট পরিপক্বতার পরিচয় দিয়েছে মুক্ত-মনায় প্রকাশিত তার বিভিন্ন কলামে। আমার চোখে তো সে মুক্ত-মনার সবচেয়ে নিবেদিত প্রাণ লেখকদের একজন।

অনন্ত বিজয় দাস। আমার সেই বন্ধুটি এবার তার কাজের স্বীকৃতি স্বরূপ মুক্ত-মনা প্রদত্ত রেসিয়োনালিষ্ট এওয়ার্ড ২০০৬ এ ভূষিত হয়েছে। আমি জানি অনন্তের মতো ছেলেরা পুরস্কারে লোভে সত্য প্রতিষ্ঠার জন্যে সংগ্রাম করেনা বা তিরস্কারের ভয়ে তা থেকে পিছিয়ে পড়েনা। তার পরও এই স্বীকৃতির খুব বেশি দরকার ছিল। আমি সৌভাগ্যবান যে আমি মুক্ত-মনার মতো প্রগতিশীল একটি ওয়েব ফোরামে যুক্ত হতে পেরেছি। মুক্ত-মনাকে সাধুবাদ জানাই এমন ভালো একটি উদ্যোগ নেবার জন্যে। মুক্ত-মনা পরিবারের সদস্য হিসাবে অনন্তের মতো সদস্যের জন্যে আমরা সবাই গর্বিত। অনন্ত তুমি সব বাধা ঠেলে আরো এগিয়ে যাও। এই বাংলায় আরো অনেক অনন্তের আবির্ভাব হোক। তা, না হলে বিজয় আসবে কিভাবে?

জাহিদ রাসেল

jahid_humanist@yahoo.com